

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং -১৯

মে ১৩, ২০১০
তারিখ :-----
বৈশাখ ৩০, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

Master Circular on Schedule of Charges

শিরোনামোক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ডিসেম্বর ২২, ২০০৯ তারিখের বিআরপিডি সার্কুলার -১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ক্ষুদ্র আমানতকারীর স্বার্থ বিবেচনা করে উক্ত সার্কুলারের ২ এর ১নং অনুচ্ছেদে বর্ণিত সঞ্চয়ী হিসাবের একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ বিদ্যমান আরোপিত চার্জ পর্যালোচনান্তে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সঞ্চয়ী হিসাবের ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে কোন একাউন্ট মেইনটেনেন্স ফি (Account Maintenance Fee) আদায় করা যাবে না এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে একাউন্ট মেইনটেনেন্স ফি (Account Maintenance Fee) প্রতি ষান্মাসিকে সর্বোচ্চ ১০০/- টাকা নির্ধারন করা যাবে।

ইতোপূর্বে জারীকৃত বিআরপিডি সার্কুলার ১৯/২০০৯ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোন : ৯১১৭৮২৫